

# কবিতা



কবিঃ শম্পা সেনগুপ্ত

email: [shantububai@gmail.com](mailto:shantububai@gmail.com)

## হৃদয় ছুঁয়ে থাক

হৃদয় ছুঁয়ে থাক  
পৃথিবীর মাটি কবে যে শুকিয়ে গেল  
খেয়াল হয় নি  
পথ রুম্ব, পাথরে ভরা  
পদে পদে হেঁচট খেতে হয়  
হৃদয়ে হৃদয় রাখ।

হয়ত বা শোনা যাবে  
সমুদ্র পাড় থেকে ভেসে আসা সক্রুণ গান  
অতি মৃদু স্বরে বলা কারো দুটি কথা  
আকাশের বুকে ভাসা হংসবলাকার সাদা ডানা  
ছড়াবে শান্তি স্বপ্ন।

একা একা বাঁচা যায় কি?  
সময় বড় কম,  
তাই -  
হৃদয় ছুঁয়ে থাক, হৃদয়ে হৃদয় রাখ।